দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 MAR. 1998 ... ...
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

79

## শিক্ষামন্ত্রীর মধ্যস্থতায় বুয়েটের বিরাজমান সঙ্কটের সমাধান

**স্টাফ রিপোর্টার ॥** অবশেষে শিক্ষামন্ত্রী এএসএইচকে সাদেকের মধ্যস্থতায় বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে বিরাজমান সঙ্কটের সমাধান হয়েছে। প্রায় চার মাস ধরে স্থাপত্য বিভাগে প্রথম বর্ষে ভর্তি পদ্ধতি

(১১ পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## শিক্ষামন্ত্রীর মধ্যস্থতায়

*(প্রথম পাতার পর)*

নিয়ে এ সঙ্কট চলে আসছিল। সমঝোতা অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঘোষিত নতুন নিয়মে এ বছর স্থাপত্য বিভাগের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। তবে ভবিষ্যতে এ বিভাগের ভর্তি পদ্ধতি সম্পর্কে উপাচার্য একটি কমিটি গঠন করবেন।

জানা যায়; গত মঙ্গলবার শিক্ষামন্ত্রীর উপস্থিতিতে এ সমঝোতার পর বুধবার স্থাপত্য বিভাগের শিক্ষকরা লাগাতার কর্মবিরতি প্রত্যাহার করে কাজে যোগ দিয়েছেন। আন্দোলনরত ছাত্রছাত্রীরা আজ বৃহস্পতিবার ধর্মঘট প্রত্যাহার করবে বলে জানা গেছে। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, আন্দোলনরত ছাত্রছাত্রীদের রেজিস্ট্রেশনের সময় বাড়িয়ে দেয়া হবে যাতে তারা রেজিস্ট্রেশন করে পরীক্ষায় অংশ নিতে পারে। জানা যায়, ধর্মঘট প্রত্যাহার সম্পর্কে আন্দোলনরত ছাত্রছাত্রীদের মধ্যে দ্বিমত রয়েছে। তবে শেষ পর্যন্ত তারা ধর্মঘট প্রত্যাহার করে রেজিস্ট্রেশন করবে বলে নাম প্রকাশে অনিচ্ছুক এক শিক্ষক আশাবাদ ব্যক্ত করেন। তিনি বলেন, আগামী দু'একদিনের মধ্যে সবকিছু ঠিক হয়ে স্বাভাবিক অবস্থা ফিরে আসবে।

এদিকে সমঝোতা হয়ে যাওয়ায় আগামী ২৮ মার্চ স্থাপত্য বিভাগে প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা কর্তৃপক্ষ ঘোষিত নতুন নিয়মে অনুষ্ঠিত হবে।